# AKASHVANI (AIR)

## RNU : KOLKATA

## Bengali Text Bulletin

**Date 15-10-2025** **Time: 7.35 A.M.**

বিশেষ বিশেষ খবর -

১) দুর্গাপুরে বেসরকারী মেডিকেল কলেজের ডাক্তারি পড়ুয়া ধর্ষণের ঘটনায় পুলিশ তার সহপাঠীকেই গ্রেফতার করেছে। এই ঘটনায় একজনই জড়িত বলে পুলিশের পক্ষ থেকে দাবি করা হয়েছে।

২) রাজ্যে টোটো চালকদের রেজিস্ট্রেশন ফি মুকুব করার দাবি জানিয়েছে বিজেপি।

৩) আকাশবাণীর ও দূরদর্শনের অনুষ্ঠান আরও সময়োপযোগী করে তুলতে ওটিটি প্ল্যাটফর্ম ওয়েবস্ আত্মপ্রকাশ করেছে বলে প্রসারভারতীর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক গৌরব দ্বিবেদী জানিয়েছেন।

৪) উত্তরবঙ্গে সাম্প্রতিক দুর্যোগের পর উদ্ধার কাজে উল্লেখযোগ্য ভূমিকার জন্য বন দফতর ১০-টি কুনকি হাতিকে পুরষ্কৃত করার সিদ্ধান্ত নিয়েছে।

৫) একটানা ক্ষতির মধ্য দিয়ে চলা হুগলী ইন্টার রিজিয়ন এক্সপ্রেস বাস ওনার্স অ্যাসোসিয়েশন অনির্দিষ্টকালের জন্য বাস পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে।

৬) রঞ্জি ট্রফি ক্রিকেটে বাংলা আজ উত্তরাখন্ডের মুখোমুখি হবে। ইডেনে খেলা শুরু হবে সকাল সাড়ে ৯-টায়।

oooooooooooooooooooo

দুর্গাপুরে বেসরকারী মেডিকেল কলেজে ছাত্রী ধর্ষণের ঘটনায় পুলিশ অবশেষে তার সহপাঠীকেই গ্রেফতার করেছে। গত শুক্রবার ওয়াসেফ আলি নামে ওই সহপাঠীর সঙ্গে ক্যাম্পাসের বাইরে বেরোন নির্যাতিতা। হাসপাতালের সিসিটিভি ফুটেজে দেখা গেছে কিছুক্ষণের জন্য সে ক্যাম্পাসে ফিরে আসলেও ফের বেরিয়ে যায় । এর পর নির্যাতিতাকে নিয়ে সে ক্যাম্পাসে ফিরে আসে। গতকাল ওয়াসেফ এবং ধৃত অন্য পাঁচ অভিযুক্তকে সঙ্গে নিয়ে পরানগঞ্জের জঙ্গলে পুলিশ ঘটনার পুনর্নির্মাণ করে। তারপরই জিজ্ঞাসাবাদে অসঙ্গতি মেলায় গ্রেফতার করা হয় ওয়াসেফকে। এই নিয়ে ধর্ষণের ঘটনায় ৬ জনকে গ্রেফতার করা হল। ওয়াসেফকে আজ আদালতে তোলা হবে।

এদিকে, ওড়িশার বাসিন্দা ঐ তরুণীকে একজনই ধর্ষণ করেছে বলে আসানসোল দুর্গাপুরের পুলিশ কমিশনার সুনীল কুমার চৌধুরী জানিয়েছেন। গত সন্ধ্যায় সাংবাদিকদের তিনি জানান,নির্যাতিতার সহপাঠীর ভূমিকাও সন্দেহের ঊর্ধ্বে নয়।' ধৃতদের এবং নির্যাতিতার সেদিনের পোশাক ফরেন্সিক পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। নেওয়া হয়েছে নির্যাতিতার গোপন জবানবন্দীও।

(বাইট – সুনীল চৌধুরী)

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেছেন, তরুণীর বন্ধুর ওপর যাবতীয় দায় চাপিয়ে সরকার প্রকৃত অভিযুক্তদের আড়াল করতে চাইছে। তবে, পুলিশী তদন্তের ওপর আস্থা প্রকাশ করেন তিনি। ওড়িশার মুখ্যমন্ত্রী নির্যাতিতার পরিবারের সঙ্গে কথা বললেও এরাজ্যের মুখ্যমন্ত্রী এখনও পর্যন্ত তাদের কারোর সঙ্গে যোগাযোগ করেননি বলেও কটাক্ষ করেন শ্রী অধিকারী।

ooooooooooooooooooooo

দুর্গাপুরে এমবিবিএস পড়ুয়ার গণধর্ষণের যে অভিযোগ উঠেছে তার প্রতিবাদে বিজেপিকে ১৯ অক্টোবর পর্যন্ত ধর্নায় বসার অনুমতি দিয়েছে

কলকাতা হাইকোর্ট। বিচারপতি শম্পা দত্ত পাল গতকাল জানিয়েছেন, যেহেতু আসানসোল দুর্গাপুর উন্নয়ন কতৃপক্ষ ধর্নায় আপত্তি জানায়নি, তাই দুর্গাপুর থানার ওসি এক্ষেত্রে আইন অনুযায়ী অনুমতি দেবেন এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করবেন।

অন্যদিকে, ঐ বেসরকারি মেডিক্যাল কলেজ হাসপাতালে কোন বহিরাগত যাতে ঢুকতে না পারে, তা সুনিশ্চিত করতে আসানসোল দুর্গাপুর কমিশনারেটকে নির্দেশ দিয়েচেন বিচারপতি। কলেজে পরীক্ষা চলায় পুলিশি নিরাপত্তার বন্দোবস্তের দাবিতে দুর্গাপুরের বেসরকারি মেডিক্যাল কলেজ কর্তৃপক্ষ এদিকন কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিজেপি টোটো চালকদের রেজিস্ট্রেশন ফি মকুব করার দাবি জানিয়েছে। কলকাতায় এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী বলেন, রাজ্য সরকার সম্প্রতি বিজ্ঞপ্তি জারি করে টোটো চালকদের নাম নথিভুক্তকরণের জন্য ১০০০ হাজার টাকা ধার্য করেছে। পাশাপাশি প্রতিমাসে টোটো চালকদের ১০০ টাকা করেও দিতে হবে। শ্রী অধিকারী বলেন, নাম নথিভুক্তকরণের বিষয়ে তাদের কোন আপত্তি নেই। তবে এই সিদ্ধান্ত রাজনৈতিক উদ্দেশ্যে প্রণোদিত বলে অভিযোগ করেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

আকাশবাণী ও দূরদর্শনের অনুষ্ঠান দেশের প্রত্যেক মানুষের কাছে পৌঁছে দিতে প্রসার ভারতী পরিকাঠামো থেকে অনুষ্ঠান সূচি সব কিছু ঢেলে সাজাচ্ছে। ব্রডকাস্টিং ইনফ্রাস্ট্রাকচার এন্ড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট কর্মসূচির আওতায় এজন্য ২০২১ সাল থেকে ২০২৬ সালের সময় সীমার মধ্যে কেন্দ্রীয় সরকার প্রসার ভারতীকে আড়াই হাজার কোটি টাকার বেশি দিয়েছে। প্রসার ভারতীর মুখ্য কার্যনির্বাহী আধিকারিক গৌরব দ্বিবেদী গতকাল আকাশবাণী কলকাতা কেন্দ্র পরিদর্শনকালে একথা

জানিয়েছেন। তিনি বলেন, দেশের সিংহভাগ নাগরিক তরুণ প্রজন্মের। মূলত তাঁদের চাহিদার কথা মাথায় রেখে প্রসার ভারতী ওটিটি প্ল্যাটফর্মে ওয়েভস রূপে আত্মপ্রকাশ করেছে। কারণ দেশের একমাত্র সরকারি গণমাধ্যম হিসেবে আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত মাধ্যমে উপস্থিতি জরুরি বলে সরকার মনে করে।

(বাইট – সি ই ও – ওয়েভস)

OOOOOOOOOOOOOOOOOOOOOOO

দেশব্যাপী শুরু হয়েছে কার্ডিও পালমোনারি রেসাসিটেশন সচেতনতা সপ্তাহ। চলতি মাসের ১৩ তারিখ থেকে শুরু হওয়া এই কর্মসূচি চলবে ১৭ই অক্টোবর পর্যন্ত। হঠাৎ করে হৃদরোগে আক্রান্ত হলে প্রাথমিক চিকিৎসা দিতে এবং সাধারণ মানুষের কাছে সিপিআর এর বিষয়ে সচেতনতা আনতে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রকের এই উদ্যোগ।

আকাশবাণী সংবাদের একটি প্রতিবেদন-

(ক্যাপসুল- অভিজিৎ দা)

OOOOOOOOOOOOOOOOOOOOOOO

উত্তরবঙ্গে সাম্প্রতিক দূর্যোগের পরে বিভিন্ন জায়গায় আটকে পড়া মানুষ ও বন্য পশুদের উদ্ধার কাজে উল্লেখযোগ্য ভূমিকার জন্যে বন দপ্তর সেখানকার দশটি কুনকি হাতিকে পুরস্কৃত করার সিদ্ধান্ত নিয়েছে। জলদাপাড়া ও গোরুমারা জাতীয় উদ্যানের ঐ হাতিগুলির সঙ্গে তাদের মাহুতকেও পুরস্কৃত করা হবে বলে বন দপ্তর সূত্রে জানা গিয়েছে। পুরস্কার হিসাবে দূর্যোগের পরে তাদের ভূমিকার কথা সার্ভিস বুকে লিপিবদ্ধ করা হবে।

উত্তরবঙ্গে বন্যা ও ভূমিধ্বসে পাহাড়ে সাড়ে নশো কোটি টাকার ক্ষয়ক্ষতি হয়েছে বলে গোর্খাল্যান্ড টেরিটোরিয়াল অ্যাডমিনিস্ট্রেশনের তরফে জানানো

হয়েছে। এসংক্রান্ত রিপোর্ট গতকাল উত্তরবঙ্গ সফররত মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির হাতে তুলে দিয়েছে জিটিএ।

উল্লেখ্য, ত্রান, পুনর্বাসন এবং ক্ষয়ক্ষতির মূল্যায়ন করতে জিটিএর তরফে এগারো জনের একটি কমিটি তৈরি করা হয়েছে।

অন্যদিকে, উত্তরবঙ্গের নাগরাকাটায় ত্রাণ বিলি করতে গিয়ে বিজেপি সাংসদ খগেন মুর্মু ও বিধায়ক শঙ্কর ঘোষের ওপর হামলার ঘটনায় কেস ডায়েরি ও তদন্ত রিপোর্ট আদালতে জমা দিতে পুলিশকে নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। আগামী ২৭ শে অক্টোবর জলপাইগুড়ির সার্কিট বেঞ্চে এই নথি পেশ করতে হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

জমি-বাড়ি রেজিস্ট্রেশনের জটিলতা কাটাতে এবার পৃথক হেল্পলাইন নম্বর চালু করতে চলেছে রাজ্য সরকার। নভেম্বরের মধ্যেই এই হেল্পলাইন জনসাধারণের জন্য আনুষ্ঠানিকভাবে চালু হবে বলে নবান্নে প্রশাসনিক সূত্রে জানা গেছে। প্রাথমিকভাবে ‘ইন্টার‍্যাক্টিভ ভয়েস রেসপন্স’ প্রযুক্তির মাধ্যমে এই পরিষেবা দেওয়া হবে। যেখানে নির্দিষ্ট নম্বরে ফোন করলেই নাগরিকরা স্বয়ংক্রিয়ভাবে নিজেদের সমস্যার ধরন অনুযায়ী তথ্য ও দিকনির্দেশনা পাবেন। হেল্পলাইন থেকে ধাপে ধাপে সরাসরি আধিকারিকদের সঙ্গে যোগাযোগের সুযোগ, দলিল রেজিস্ট্রেশন, ই-ডিড জমা, সার্টিফায়েড কপি সংগ্রহ বা স্ট্যাম্প ডিউটি সংক্রান্ত সমস্যা নিয়ে সরাসরি পরামর্শ পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

একটানা ক্ষতির মধ্য দিয়ে চলা হুগলী ইন্টার রিজিয়ন এক্সপ্রেস বাস ওনার্স অ্যাসোসিয়েশন অনির্দিষ্টকালের জন্য বাস পরিষেবা বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে। এরফলে আরামবাগ মহকুমা সহ এক বিস্তীর্ণ অঞ্চলের যাত্রীরা চরম সমস্যায় পড়েছেন। সংগঠনের পক্ষ থেকে জানানো হয়েছে, দীর্ঘদিন ধরেই আরামবাগে

দ্বারকেশ্বর নদের ওপর রামকৃষ্ণ সেতুতে বাস চলাচল বন্ধ। সেতুটি দিয়ে ৭-৮-টি জেলার বাস যাতায়াত করে। মাস দু-এক আগে সেতুর একাংশ ভেঙে গেলে বাস চলাচল বন্ধ হয়ে যায়। পূর্ত দফতর মেরামতির কাজ শুরু করলেও তা খুবই ধীর গতিতে হচ্ছে বলে অভিযোগ বাস মালিকদের । পূর্ণমাত্রায় বাস চালানো সম্ভব না হওয়ায় ক্ষতির মুখে পড়তে হচ্ছে। এর প্রেক্ষিতেই পরিষেবা বন্ধ রাখার এই সিদ্ধান্ত।

০০০০০০০০০০০০০০০০০০০

পরিবেশে সকল প্রাণীর স্বাস্থ্য এক সূত্রে বাঁধা রয়েছে। এজন্য মানব স্বাস্থ্যের পাশাপাশি বাস্তুতন্ত্রের স্বাস্থ্যেরও খেয়াল রাখতে হবে। জীব জগতের প্রতিটি উপাদানের ওপর ক্ষতিকর প্রভাব নিয়ে গতকাল কলকাতার অল ইন্ডিয়া ইনস্টিটিউট অফ হাইজিন অ্যান্ড পাবলিক হেল্থ-এর প্রেক্ষাগৃহে ফাউন্ডেশন ফর অ্যাকশন অ্যান্ড ইনভেশন টুওয়ার্ডস্ হেল্থ প্রমোশন ফেইথ-এর এক বিশেষ সম্মেলনে এই বিষয়টির ওপরে বিশেষ জোর দেওয়া হয়। সংগঠনের সভাপতি ডক্টর মধুমিতা দোবে বলেন, মানুষের জন্য একটি মাত্র পৃথিবী রয়েছে। তার ভারসাম্য রক্ষা করতে সকল প্রাণীর স্বাস্থ্য রক্ষা জরুরী। এজন্য ওয়ান হেল্থ বা এক স্বাস্থ্যের বার্তাও দিয়েছেন তিনি।

০০০০০০০০০০০০০০০০০০০০

কলকাতা পুলিশ গোপন অভিযান চালিয়ে মিন্টো পার্ক এলাকা থেকে পরিচালিত একটি ডেটিং অ্যাপচক্র বানচাল করে দিয়েছে। এই ঘটনায় ১৬ জন মহিলা সহ ১৭ জনকে গ্রেফতার করা হয়েছে। ডেটিং অ্যাপের মাধ্যমে সঙ্গী হওয়ার প্রলোভন দেখিয়ে বিপুল অঙ্গের অর্থ হাতিয়ে নেওয়া হতো বলে অভিযোগ। উদ্ধার হয়েছে একাধিক ইলেট্রনিক গেজেট, ব্যাঙ্কের নথি এবং অন্যান্য জিনিষপত্র। ধৃতদের আজ আদালতে পেশ করা হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বাংলা,আজ রনজি ট্রফি ক্রিকেটে অভিযান শুরু করবে। ইডেনে চারদিনের ম্যাচে বাংলা, উত্তরাখণ্ড -এর মুখোমুখি হবে। খেলা শুরু হবে সকাল সাড়ে নয়টায়। বাংলা দলের নেতৃত্ব দেবেন অভিমন্যু ঈশ্বরন। ২ হাজার ২৫-২৬ মরশুমের ৯১ তম রনজি ট্রফি আজ শুরু হচ্ছে। মোট ৩৮ টি দল অংশ নিচ্ছে। এরমধ্যে এলিট গ্রপে ৩২ টি দল রয়েছে। চারটি গ্রুপে আটটি করে দল প্রতিদ্বন্দ্বিতা করবে। প্রতি গ্রুপের প্রথম দুটি দল কোয়ার্টার ফাইনালে যাবে। এ ছাড়া প্লেট গ্রুপে ৬ টি দল  রয়েছে।

oooooooooooooooooooooo

আইএফএ শিল্ড ফুটবলে আজ কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে মোহনবাগান সুপার জায়ান্ট, ইউনাইটেড স্পোর্টস ক্লাবের মুখোমুখি হবে। এই ম্যাচে ইউনাইটেড স্পোর্টসের সঙ্গে ড্র করলেই শিল্ড ফাইনালে পৌঁছে যাবে মোহনবাগান।

অন্যদিকে গতকাল কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে ইস্টবেঙ্গল  ২-০ গোলে নামধারী এফ সি কে হারিয়ে ফাইনালে পৌঁছেছে।

oooooooooooooooooooooo